গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

নভেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।

সভার তারিখ : ২৭-১১-২০২৪ সময় : বেলা- ১২.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র. নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে উপস্থিত প্রতিনিধি সভাকে জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে এইচ.পি.ভি ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়িমিত মনিটরিং করা জরুরী। উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর সভায় জানান কমিউনিটি ক্লিনিকগুলোতে নিধরিীত ডাক্তার নিয়মিত সেবা দিয়ে থাকেন কিনা। যদি এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া যায় যায় তাহলে তার বিরুদ্ধে ভিগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্যসেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং করা। তাছাড়া কমিউনিটি গুলোতে নিধরিীত ডাক্তারের তালিকা উপজেলা পরিশষদের পরবর্তী মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর।
০২	কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি সভাকে জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সার বীজ যথা সময়ে প্রকৃত কৃষকগণের মধ্যে বিতরণ করা হয়েছে। সার বীজের কোন প্রকার ঘাটতি নেই। তাছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। বাজরে ধান, বীজ সরকারি নিধরিীত মূল্যে বিক্রী করা হয় সে জন্য নিয়মিত বাজার মনিটরিং করার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে উপজেলা কৃষি অফিস, তাহিরপুরকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	বিস্তারিত আলোচনান্তে প্রকৃত কৃষকগণের মধ্যে কৃষি প্রণোদনা যথাযথ ভাবে বিতরণ করা হয়েছে। ০২। বাজরে ধান, বীজ সরকারি নিধরিীত মূল্যে বিক্রী করা হয় সে জন্য নিয়মিত বাজার মনিটরিং করার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে উপজেলা কৃষি অফিস, তাহিরপুরকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ
০৩	প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নতজাতের গরুর জাত উন্নয়নের কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৪	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তিরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ

CamScanner

০৫	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুর সভাকে জানান যে, শিক্ষার সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। পূর্বের তুলনায় শিক্ষার গুণগতমান কিছুটা বৃদ্ধি পেয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর শিক্ষার মান উন্নয়নের জন্য দাপ্তরিক কাজে মাঠে গেলে পার্শ্ববর্তী বিদ্যালয় পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন।	বিস্তারিত আলোচনান্তে প্রতি মাসে নিয়মিত বিদ্যালয় পরিদর্শণ করে পরিদর্শণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর
০৬	প্রকৌশলী বিভাগ	উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়া তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দের আলোকে পরিসংখ্যান মর্মানুযায়ী সকল ইউনিয়ন পরিষদ এবং সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প তালিকা পাওয়া যায়। সদয় অনুমোদনের জন্য প্রকল্পগুলি সভায় প্রস্তাব করেন। উক্ত প্রকল্পের তালিকা পরিশিষ্ট "খ" এ প্রদর্শিত। তাছাড়া পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। লজিক কর্তৃক LAPA থেকে প্রস্তাব গুলির তালিকায় অগ্রাধীকার ভিত্তিতে নিম্নে LOGIC প্রকল্পের অধীনে স্কীম ২০২৩-২০২৪ অর্থবছরের আনোয়ারপুর নয়াহাট বন্যা প্রবন এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত বিপর্যয়ের প্রভাব কমাতে বাজার সুরক্ষা গাইড ওয়াল নির্মাণ ০২। ২০২৪-২০২৫ অর্থবছরের জগদিশপুর বন্যা প্রবণ এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত বিপর্যয়ের প্রভাব কমাতে হাটি সুরক্ষা গাইড ওয়াল নির্মাণ ড্রইং ইস্টিমেট বিধি মোতবেক টেন্ডার করা হয়েছে। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান উপজেলা পরিষদের পুকুর সৌন্দর্য বর্ধনের জন্য IPCP কর্তৃক বিগত বছর টেন্ডার করা হয়। বর্তমানে পুকুরে পানি থাকার কারণে প্রকল্পটির কাজ শুর করা যাচ্ছে না।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিরআওতায় সংশ্লিষ্ট প্রকল্পগুলি পরিশিষ্ট "খ"এ প্রদর্শিত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্পগুলো দ্রতই টেন্ডার আহবান করার জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরকে অনুরোধ করা হয়। ০২। বিস্তারিত আলোচনান্তে LAPA থেকে প্রস্তাব গুলির তালিকায় অগ্রাধীকার ভিত্তিতে LOGIC প্রকল্পেরএর অধীনে ০২ টি প্রকল্প ২০২৩-২০২৪ অর্থবছরের ০১। বালিজুরী ইউনিয়নে আনোয়ারপুর নয়াহাট ০২। ২০২৪-২০২৫ অর্থবছরের দক্ষিণ শ্রীপুর ইউনিয়নের জগদিশপুর বন্যা প্রবণ এলাকায় জলবায়ু পরিবর্তন জনিত বিপর্যয়ের প্রভাব কমাতে হাঠি সুরক্ষা গাইড ওয়াল নির্মাণের জন্য অতি দ্রতই ওয়র্ক ওর্ডার দেয়ার জন্য সর্বসম্মত্রিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের পুকুর সৌন্দর্য বর্ধনের জন্য IPCP কর্তৃক টেন্ডারকৃত প্রকল্পের কাজ জনস্বার্থে বাস্তবায়ন করার লক্ষ্যে পুকুরে পানি অপসারণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল।
০৭	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি সভাকে জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ৩৯,৪৪৯ জন। সর্বমোট ২৯৭৭৮ জন জন্মবিরতি পদ্ধতি গ্রহণ করেছে। সিএআর ৭৫.৫৪% তার মধ্যে সর্বমোট খাবারবড়ি ১৩৯৪২ জন। কনডম ২৩৩৮ জন, ইনজেকশন ৪৮৮১ জন। আইইইও ৬৮১ জন, ইমপ্ল্যান্ড ৩৭৭৫ জন, স্থায়ী ১৬০৫ জন, মহিলা স্থায়ী ২৫৭৬জন। অন্যান কাজ চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। ০২। উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হলো।	উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর

CamScanner

০৮	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান আগামী ৩০ শে নভেম্বর ২০২৪ পর্যন্ত সময়ে প্রতিবন্ধী ভাতা,অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা/ উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা/ উপবৃত্তি ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা/উপবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণ করা হচ্ছে। প্রতিবন্ধী সনাক্ত করণা কর্মসূচি চলমান রয়েছে। তাদের সুবর্ণ নাগরিক কার্ড প্রদান করা হচ্ছে। বয়স্ক,বিধবা ভাতার মৃত ভাতাভোগীদের সনাক্ত করণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া ক্যানসার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইস জনিত ও থ্যালাসেমিয়া রোগীদের অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম সসুষ্ঠভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ভাতার কার্যক্রম যতাযথভাবে বিধি মোতোকে পরিচালনা করার জন্য উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর।
০৯	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা, তাহিরপুর,
১০	সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে সভায় উপস্থিত প্রতিনিধি জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে চলছে। তিনি জানান তাহিরপুর উপজেলায় সর্বমোট ১২৯ টি সমবায় সমিতি রয়েছে। এই সমিতিগুলোর মধ্যে ৪৯ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। বিগত ২ রা নভেম্বর/২০২৪ তারিখে ৫৩ তম জাতীয় সমবায় দিবস যথাযথভাবে পালিত হয়েছে। তাছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা,তাহিরপুর, সুনামগঞ্জ।
১১	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে চলছে। আত্নকর্মসংস্থান কর্মসূচির আদায় যোগ্য ৪৮,৫৪০/-টাকা,আদায়কৃত ৪৫৭০০/- টাকা, আদায়ের হার ৯৪%, কিস্তি খেলাপী আদায় নেই। মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপী আদায় ৪২০০/- হয়েছে। আদায়ের হার ০.৫৭%,৬৮৩০/-, ক্রম পুঞ্জিত আদায়ের হার ৬৩%। রাজস্ব খাতের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অক্টোবর/২৪ মাস পর্যন্ত ০৬ টি ব্যাচে ১৮০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।	বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য এবং ঋণ আদায়ে দ্রুত নোটিশ করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর
১২	জনস্বাস্থ্য বিভাগ	জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুর, সভায় জানান যে, বন্যা প্রকল্প হতে বরাদ্দকৃত টিউবওয়েল এর চাহিদা বিভিন্ন ইউনয়নে বন্টন হয়। ইউনিয়ন হতে প্রাপ্ত উপকারভোগীদের চাহিদাগুলো ইউএনডিপির মাধ্যমে জরিপ কাজ চলমান রয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে ইউনিয়নওয়ারী বিভাজনকৃত নলকূপের বিপরীতে কার্যক্রম ইস্টিমেট মোতাবেক বসানোর জন্য উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর ও চেয়ারম্যান সকল ইউপি তাহিরপুর, সুনামগঞ্জ।
১৩	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার তাহিরপুরের পক্ষে তিনি সভায় জানান এখন পর্যন্ত ২০২৪-২০২৫ অর্থবছরের টিআর কাবিখা /কাবিটা প্রকল্পের কোন বরাদ্দ পাওয়া	বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্টভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ

CamScanner

		যায়নি। তাছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।		
১৪	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর,
১৫	মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান ভিবল্লিউবি কর্মচারীর ২০২৫-২০২৬ সনের নতুন উপকারভোগী নির্বাচনের কাজ চলমান রয়েছে। এ ছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচিসহ অন্যান্য সার্বিক কার্যক্রম চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , তাহিরপুর।
১৬	আনসার ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। টাংগুয়ার হাওরে অবৈধভাবে মাছ ধরার সময় ০২ টি অভিযানে চালিয়ে অবৈধ জাল আটক করে পোড়ানো হয়। ০৩ জন ভাতাভোগী সদস্যদের মাঝে ভলো কাজের স্বীকৃতিস্বরুপ বাই সাইকেল বিতরণ করা হয়।	বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল
১৭	ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক	ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা সভায় জানান সঞ্চয় আদায় ১০,২০,০০০/- ঋণ আদায় ৬২,১০,০০০/- ঋণ বিতরণ ৬১,৫০,০০০/- তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে দাপ্তিরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর
১৮	বিট কর্মকর্তা	উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। বনায়ন সৃষ্টির লক্ষ্যে টাংগুয়ার হাওরে গাছ লাগানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বিট কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর।
১৯	তথ্য আপা	তিনি সভায় জানান জুন ক্লোজিং এর পর হতে বর্তমান পর্যন্ত তত্য আপার সকল কার্যক্রম বন্ধ আছে। মাট পর্যায়ে সেবার মান চলমান রয়েছে। প্রকল্পের নাম পরিবর্তন করে তথ্য যোগাযোগের মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) করা হয়েছে। খুব শিঘ্রই কার্যক্রম চালু হবে।	বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য তথ্য আপাকে অনুরোধ করা হয়।	তথ্য আপা
২০	বিয়াম ল্যাবরেটরী স্কুল স্থাপন সংক্রান্ত ;	উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের দক্ষিণ পাশে মেইন রাস্তার পূর্ব দিক সরকারি খাস জমিতে জনসাধারণের চাহিদার আলোকে এবং শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে জনস্বার্থে একটি বিয়াম ল্যাবেরেটরী স্কুল স্থাপনের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় একটি কমিটি গঠনের জন্য আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের দক্ষিণ পাশে মেইন রাস্তার পূর্ব দিক মৌজা তাহিরপুর-১১৫, আরএস খতিয়ান-০১, দাগ ৪৪১৮ মূলে জনস্বার্থে একটি বিয়াম ল্যাবেরেটরী স্কুল স্থাপনের জন্য এবং একটি কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল

CamScanner

২২		সভায় আলোজচনা করা হয় তাহিরপুর উপজেলা পরিষদের আওতাধীন বাসা বাড়ি ও দোকান বকেয়া ভাড়া রয়েছে। দ্রুত বকেয়া ভাড়া পরিশোধ করার জন্য সভায় আলোচনা করা হয়। তাছাড়া ইউনিয়ন পরিষদের জন্ম/মৃত্যু নিবন্ধন অগ্রগতি সন্তোষজনক নহে। বাদাঘাট, বড়দল উত্তর ইউনিয়ন পরিষদের ট্যাক্স আদায় সন্তোষনক নহে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলা পরিষদের প্রজেক্টর এবং স্কিন ব্যবহার অনুপযোগী হওয়ায় বিভিন্ন সভা সেমিনারে ব্যবহার করা যাচ্ছে না। তাই উন্নতমানের একটি প্রজেক্টর ক্রয় করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় প্রস্তাব করেন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আওতাধীন বাসা বাড়ি/ডরমেটরী এবং দোকান ভাড়া নিয়মিত আদায় করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকারি রাজস্ব বৃদ্ধির স্বার্থে ট্যাক্স আদায় সন্তোষজনক করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। ০২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বিভিন্ন সেভা সেমিনারে ব্যবহারের জন্য উন্নতমানের একটি প্রজেক্টর এবং স্কিন উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, তাহিরপুর চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সকল। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-২০ (৫০)

তারিখ: ০৬ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সিনিয়র সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা..কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ...(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

মো : আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com

মাসিক সমন্বয় সভা

সভাপতি: মো: আবুল হাসেম - উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর

সভার তারিখ 27/11/24

সময়: ১১-০০ ঘটিকা

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষর
01	জনাব মো. আবুল হাসেম	উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর	
02	জনাব আলী হায়দার	চেয়ারম্যান উপজেলা পরিষদ তাহিরপুর	
03	জনাব আলী আহমদ মুরাদ	ভাইস চেয়ারম্যান তাহিরপুর	
04	জনাব [illegible] আলী	তাহিরপুর [illegible]	
05	মো: হাসিবুল [illegible]	উপজেলা [illegible] প্রকৌশলী	
06	তৌফিক আহমেদ	উপজেলা সমাজসেবা অফিসার	27.11.24
07	ম. হাবিব [illegible]	উপজেলা প্রাণিসম্পদ অফিসার	
08	মো: মুজিবুর ইসলাম	উপজেলা প্রকৌশলী	
09	মো: [illegible]	ডা: [illegible] পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর	
10	মোহাম্মদ মুজিবুল ইসলাম	UPIO, তাহিরপুর	

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষর
	মো: মাসুদ [illegible]	[illegible]	
12			
13	ডা: আব্দুল্লাহ-আল-মাহমুদ	মেডিকেল অফিসার	
14	[illegible] চন্দ্র [illegible] সরকার AUEO	AUFPO	
15	মো: [illegible]	[illegible]	
16	মো: [illegible]	[illegible]	
17	আনিসুর রহমান	উপজেলা পরিসংখ্যান কার্যালয়	
18	মো: মাহবুবুল [illegible]	[illegible] পল্লী সঞ্চয় ব্যাংক	
19	জলি আক্তার	তথ্য সেবা সহকারী (তথ্য আপা কর্মকর্তা)	
20	মো: [illegible] মিয়া	UEO	
21	মুহাম্মদ [illegible]	LOGIC-UF	

২৫			
২৬	আনিসুজ্জামান,	SAPPO [illegible]	[signature]
২৭.	সোহাইল আহমদ [illegible]	[illegible] [illegible] সহকারী বিভাগ	[signature]
২৮.	ডা. মিজানুর রহমান	OHFPO UHC, Tahirpur	[signature]